



# চাইল্ড কেয়ার প্রোভাইডারকে জিজ্ঞেস করার জন্য সাধারণ প্রশ্নাবলি

মানসম্মত চাইল্ড কেয়ার কর্মসূচিগুলোতে শিশুরা নিরাপদ, সহায়তাপ্রাপ্ত ও সম্বলিত লালিত বোধ করে। এগুলো পরিবার ও শিক্ষাবিদদের সাথে সম্পর্ক গড়ে তোলা এবং একটি বিজড়িত ও যন্ত্রণাশীল পরিবেশ প্রদানের মাধ্যমে শিশুদের শিক্ষা ও উন্নয়নে সহায়তা করে যা শিশুদেরকে উন্নতি করতে ও বেড়ে উঠতে সাহায্য করে।

আপনার ও আপনার সন্তানের চাহিদাগুলো পূরণ করে এমন মানসম্মত চাইল্ড কেয়ার খুঁজে পেতে আপনার অনুসন্ধান সহায়তা করার জন্য এই প্রশ্নগুলো ব্যবহার করুন।

## খরচ ও লভ্যতা

1. আমার সন্তানের জন্য আপনাদের কি জায়গা খালি আছে? (যদি না থাকে, কোনো অপেক্ষমান তালিকা আছে এবং এটা কত বড়?)
2. এর খরচ কেমন? আর কোনো ফি আছে? (বাড়িতে কোনো খরচ আছে কিনা সে সম্পর্কে সেবা প্রদানকারীদের জিজ্ঞেস করুন যেমন, ছুটির দিনে, অসুস্থ থাকার দিনে, দেরিতে বাস্টাকে নিতে আসলে বা আবেদনপত্রের ফি)
3. এই কেন্দ্রে কি ভর্তুকি মূল্যে আসনের ব্যবস্থা আছে?
4. আপনারা কি পূর্ণকালীন ও খণ্ডকালীন হিসেবে ভর্তি করেন?
5. বাস্টাকে দিয়ে যাওয়ার ও নিয়ে যাওয়ার সময়সূচি কতটা নমনীয়?
6. সেবা প্রদানকারীরা কিভাবে পিতামাতাদের সাথে যোগাযোগ করেন এবং পিতামাতারা কখন দেখতে আসতে পারেন?

### প্রকৃত তথ্য:

আপনি একটি লাইসেন্সধারী কেন্দ্র বা একটি বাসা থেকে সেবা নেয়ার বিষয়টি বেছে নিতে পারেন। বাড়িতে সেবা প্রদানকারীদের কেউ কেউ একটি লাইসেন্সধারী এজেন্সির সাথে যুক্ত এবং অন্যরা লাইসেন্সবিহীন। খরচ বিভিন্ন রকম হয়ে থাকে।

## স্বাস্থ্য ও নিরাপত্তা

1. আপনাদের কি লাইসেন্স আছে নাকি নেই?
2. আপনারা কয়টি ছেলেমেয়ের দেখাশোনা করেন?
3. আপনারা কিভাবে শিশুদের সুস্থাস্থ্যের বিষয়টি নিশ্চিত করেন? (যেমন, ঘুমানো, পরিষ্কার-পরিচ্ছন্নতা)
4. একটি শিশু অসুস্থ হলে কী করেন? (যেমন, তাদেরকে কি বাড়িতে পাঠিয়ে দেয়া হয় নাকি ওষুধ দেয়া হয়)

### প্রকৃত তথ্য:

লাইসেন্সবিহীন সেবা প্রদানকারীরা তাদের বাড়িতে পাঁচটির বেশি শিশুর দেখাশোনা করতে পারেন না।

ontario.ca/childcare

5. নিরাপত্তার জন্য কী কী ব্যবস্থা আছে? (যেমন, অগ্নি-নির্বাপক যন্ত্র, ধোঁয়া/কার্বন মনোক্সাইড শনাক্তকারী যন্ত্র, প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম, নিরাপত্তা ফটক ও প্লাগ)
6. আপনারদের জরুরি নির্গমন পরিকল্পনা কী?
7. যে সব শিশুদের মারাত্মক অ্যালার্জি আছে তাদের জন্য কী আপনারা অ্যানাফাইলেক্সিস প্ল্যান দেন?

## খাদ্য ও পুষ্টি

1. আপনারা কোন ধরনের নাস্তা ও খাবার দেন?
2. খাবারগুলো কি এখানেই তৈরি করা হয় নাকি বাইরে থেকে আসে?
3. এখানে কি কিছু নির্দিষ্ট খাবারের উপর নিষেধাজ্ঞা আছে? (যেমন, বাদাম বা অ্যালার্জি সৃষ্টিকারী অন্যান্য খাবার)
4. আপনারা কি আমাদের পরিবারের খাদ্যাভ্যাসের চাহিদা পূরণ করতে পারবেন?
5. বুকের দুধ রাখার জন্য কি কোনো ফ্রিজ আছে এবং খাওয়ানোর জন্য কি কোনো সময়সূচি আছে?

### থোজ করুন:

এমন খাদ্য পরিকল্পনা যাতে 4 ধরনের খাবার অন্তর্ভুক্ত রয়েছে।

## শিক্ষা ও খেলাধুলা

1. সারা দিন ধরে আমার সন্তান কী করবে?
2. খেলাধুলার সামগ্রীগুলো কিভাবে শিক্ষা, সৃজনশীলতা ও সামাজিক মেলামেশায় সহায়তা করে?
3. আপনারা কিভাবে ভবনের ভেতরে ও বাইরে খেলাধুলায় উৎসাহিত করেন? বাচ্চার ভবনের বাইরে কতটা সময় কাটায়?
4. বিভিন্ন সাংস্কৃতিক ঐতিহ্যকে কিভাবে এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়?
5. পরিবারের সদস্যদেরকে কিভাবে এই কর্মসূচিতে সম্পৃক্ত করা হয়?
6. কোনো শিশু রেগে গেলে বা মন খারাপ করলে কী করেন?

### থোজ করুন:

- এমন পরিবেশ যা খেলাধুলা ও অনসন্ধানের মাধ্যমে শিশুদের শিক্ষায় সহায়তা করে।
- যেখানে পরিবারের সম্পৃক্ততাকে স্বাগত জানানো ও উৎসাহিত করা হয়।

## সেবা প্রদানকারী ও প্রশিক্ষিত পেশাদারবৃন্দ

1. স্টাফ ও সেবা প্রদানকারীদের কী কী যোগ্যতা বা প্রশিক্ষণ আছে? (যেমন, রেজিস্টার্ড আর্লি চাইল্ডহুড এডুকটর)
2. এখানকার কারো কী সিপিআর ও প্রাথমিক চিকিৎসার সনদ আছে?
3. স্টাফ বা সেবা প্রদানকারী অসুস্থ হলে বা বাইরে থাকলে কী ঘটে?

### থোজ করুন:

এমন স্টাফ বা সেবা প্রদানকারীর যাদের শিশুদের সাথে কাজ করা সম্পর্কিত যোগ্যতা বা প্রশিক্ষণ আছে।

ontario.ca/childcare